

২০১৭

বাংলা

তৃতীয় পত্র

পুর্ণমান : ১০০

সময় : ৪ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসত্ত্ব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন।

প্রথমার্ধ

[মান—৫০]

- ১। চর্যাপদাবলীর ৩৩ সংখ্যক পদটির—‘টালত মোর ঘর নাহি পড়িবেষী’—সাধারণ অর্থ ও রূপকার্থ নিজের ভাষায় বুঝিয়ে দাও। প্রসঙ্গত, পদটির কাব্যসৌন্দর্য বিচার করো।

৫+৫+৬

অর্থবা।

বৌদ্ধ সহজিয়া সাধকদের সাধনতত্ত্বের কথা তোমাদের পঠিত চর্যাপদগুলিতে কীভাবে বর্ণিত তা’ দৃষ্টান্ত সহযোগে আলোচনা করো।

১৬

২। শ্রীকৃষ্ণকীর্তন কাব্যের ‘রাধাবিরহ’ অংশটি প্রক্ষিপ্ত কি না বিচার করো। ১৬

অথবা

শ্রীকৃষ্ণকীর্তন কাব্যের বংশীখণ্ডে একই সঙ্গে নাটকীয়তা ও গীতিকবিতার লক্ষণ দেখা যায়। দৃষ্টান্তসহ বিষয়টি পরিষ্কৃট করো।

৮+৮

৩। ‘চৈতন্যচরিতামৃত’—কাব্যের মধ্যলীলা অষ্টম পরিচ্ছেদ অবলম্বনে সাধ্যসাধনতত্ত্বটি বিশদভাবে বুঝিয়ে দাও।

১৮

অথবা

সংক্ষেপে আলোচনা করো (যে কোনো দুটি) :

৯+৯

(ক) রাগানুগাভিন্নি

(খ) স্থীতত্ত্ব

(গ) অচিন্ত্যভেদাভেদ তত্ত্ব

দ্বিতীয়াধি

[মান—৫০]

১। ‘চির চন্দন উরে হার না দেলা’ ; — পদটি কোন् কবির রচনা? কোন্ পর্যায়ের পদ? পদটির মর্মার্থ ব্যাখ্যা করে কবির কাব্যবৈশিষ্ট্যের পরিচয় দাও।

১+১+৭+৭

অথবা

কবি জ্ঞানদাস আধুনিক রোমান্টিক কবির পথিকৃৎ— তেমার পঠিত পদগুলি অবলম্বনে মন্তব্যটির যাথার্থ্য বিচার করো।

১৬

২। মুকুন্দ চক্রবর্তী রচিত চগুমঙ্গল কাব্যের আখেটিক খণ্ডে ‘ফুল্লরার বারোমাস্য’-র পরিচয় দাও। এর মধ্যে নারীমনন্তরের যে বিশেষ দিকগুলি উল্মোচিত তা’র উল্লেখ করো।

১০+৬

অথবা

মুকুন্দ চক্রবর্তীর চগুমঙ্গল কাব্যে আখেটিক খণ্ডে হাস্যরসের যে পরিচয় মেলে তা’ উপযুক্ত দৃষ্টান্ত সহযোগে আলোচনা করো।

১৬

৩। সৈয়দ আলাওল রচিত ‘পদ্মাবতী’ কাব্যে সূরী প্রভাব সম্পর্কে আলোচনা করো।

১৮

অথবা

ঐতিহাসিক রোমান্টিক কাব্যরূপে ‘পদ্মাবতী’ কতদূর সার্থক? — দৃষ্টান্ত সহযোগে আলোচনা করো।

৯+৯